[redacted]

[redacted]

[redacted]

[

ছেলে জিয়া শেখ(২৮)। এছাড়া মাদক মামলা নং ১৩, তারিখ ০৯/১১/২০২২ এর আসামি মেহেরপুর শহরের আকবর আলী ওরফে বাবুর ছেলে আরিফুল ইসলাম(৩২)।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা(ওসি) রফিকুল ইসলামের নির্দেশে থানার একাধিক টিম বুধবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে আজ বৃহস্পতিবার ভোররাত পর্যন্ত পৃথক অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা(ওসি) রফিকুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেন।

গ্রেফতারকৃত আসামিদের আজ বৃহস্পতিবার (১০ নভেম্বর) দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে মাংস বিক্রেতা পিতা- পুত্রকে ১ বছরের প্রবেশনাল সাজা প্রদান

মেহেরপুরে মাংসের বাজারে ফ্রিজিং করা বাসি ছাগীর মাংস বিক্রির অপরাধে মাংস বিক্রেতা সাজু (৩৪) ও সরকারি কাজে বাধা দেওয়ার অপরাধে তার পিতা মোহাম্মদ আলীকে ১বছরের প্রবেশন সাজা দিয়েছে আদালতের বিজ্ঞ বিচারক।

আজ বৃহস্পতিবার (১ সেপ্টেম্বর) সকাল ১০টার সময় নিরাপদ খাদ্য আদালতের বিজ্ঞ বিচারক এস এম শরিয়ত উল্লাহ তাদের ১বছরের প্রবেশন সাজা দিয়ে তাদের সংশোধন হওয়ার আদেশ জারি করেন তিনি। মাংস বিক্রেতা সাজু ও তার পিতা মোহাম্মদ আলী শহরের চক্রপাড়া এলাকার বাসিন্দা।

এর আগে সকালের দিকে মেহেরেপুর জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা মোঃ রিয়াজ মাহামুদ মেহেরপুর পৌরসভার মাংসের বাজারে অভিযান চালিয়ে ৮ কেজি ফ্রিজিং করা বাসি ছাগীর মাংস জব্দ করেন ওই মাংস বিক্রেতার

কাছ থেকে।

এঘটনায় নিরাপদ খাদ্য আইনের ২৬, ৩৪ও ৪০ ধারায় বিশুদ্ধ খাদ্য আদালতে মামলা দায়ের করা হয় যার মামলা নং বিশুদ্ধ খাদ্য-১৩/২২, তারিখ ০১/০৯/২০২২।

পরে মাংস বিক্রেতা সাজু ওতার পিতা মোহাম্মদ আলীকে আটক করে বিশুদ্ধ খাদ্য আদালতে হাজির করা হলে বিজ্ঞ বিচারক এস এম শিয়ত উল্লাহ তাদের ১বছরের প্রবেশন সাজা দিয়ে সংশোধন হওয়ার আদেশ জারি করেছেন।

এছাড়া তার কাছ থেকে জব্দকৃত ফ্রিজিং বাসি ৮ কেজি মাংস মেহেরপুর দারুল উলুম হেফজে খানাতে দেওয়া হয়েছে। এসময় স্যানেটারী ইন্সপেক্টর তারিকুল ইসলাম, এসআই মনিরুল ইসলাম উপস্থিত ছিলেন।